**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-১ শাখা

**কৃষি সেক্টরে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : জনাব রুহুল আমিন তালুকদার, অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ০৭/১১/২০২৩ খ্রি. দুপুর ০২.৩০ মিনিট
সভার স্থান : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ ও জুম প্লাটফর্ম
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকারের জনকল্যাণমুখী কার্যক্রম কৃষি মন্ত্রণালয়ের আওতায় সরকারের সামাজিক কার্যক্রম যেমনঃ কৃষি প্রণোদনা ভর্তুকিসহ বিনামূল্যে উপকরণ সহায়তা, ক্যাশ ইত্যাদি প্রদান অব্যাহত আছে। সামাজিক নিরাপত্তার সকল কার্যক্রমকে দক্ষ, লক্ষ্যমুখী ও পুষ্টি সংবেদনশীল করার উদ্দেশ্যে প্রণীত National Social Security Strategy/NSSS ২য় পর্বের কর্মপরিকল্পনা ২০২১-২০২৬ বাস্তবায়নের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় ইতোমধ্যে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের তিনি দপ্তর ও সংস্থাপ্রধান সকল ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ, প্রকল্প পরিচালক এবং কর্মসূচি পরিচালকবৃন্দ নিজ নিজ দপ্তর/সংস্থার আন্তরিক সহযোগিতা কামনা করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

**আলোচ্যসূচি ১: সামাজিক নিরাপত্তা উপকারভোগী নির্বাচনে ম্যানুয়াল প্রণয়নঃ**

সভায় উল্লেখ করা হয় যে, গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ডিএই হতে কৃষি পুনর্বাসন ও কৃষি ভর্তুকির উপকারভোগীর নির্বাচনের ম্যানুয়াল বা গাইডলাইন পাওয়া গেছে। উক্ত গাইড লাইন স্বয়ংসম্পুর্ণ কি-না তা পর্যালোচনা করা আবশ্যক। এ ছাড়াও মন্ত্রণালয়ের সিদ্ধান্তক্রমে দপ্তর, সংস্থা ও মন্ত্রণালয়ের পুনর্বাসন প্রণোদনা প্রকল্প, কর্মসূচি, রাজস্ব এবং গবেষণা কার্যক্রমসমূহে সামাজিক নিরাপত্তা উপকারভোগী নির্বাচনে গাইডলাইন প্রস্তুতকরণের জন্য সকল দপ্তর, সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে যুগ্মসচিব পরিকল্পনা-২ অধিশাখা বলেন যে, বিগত এডিপি সভার সিদ্ধান্তমতে সকল দপ্তর সংস্থা প্রধানবৃন্দকে, প্রকল্প পরিচালকবৃন্দকে এবং কর্মসূচি পরিচালকবৃন্দকে উপকারভোগী নির্বাচনের ম্যানুয়াল/গাইডলাইন প্রস্তুতের পত্র প্রেরণ করা হয়েছে। ডিএই-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রতিটি প্রকল্পে ও কর্মসূচীতে পৃথক পৃথকভাবে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে জানান। বিএমডিএর তত্ত্বাবধায়ক প্রকৌশলী খাল খনন, পুকুর নির্মাণ ও প্রশিক্ষণের উপকারভোগী নির্বাচনের প্রশ্নে সভাপতি বলেন যে, বিনামূল্যে এ সকল কার্যক্রমে সহায়তা প্রদান করা হয়ে থাকলে তা সামাজিক নিরাপত্তা কার্যক্রমের অন্তর্ভুক্ত হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা, গত এডিপি সভার সিদ্ধান্ত এবং বিগত সকল সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত মতে মন্ত্রণালয়ের পুনর্বাসন প্রণোদনাসহ সকল প্রকল্প, কর্মসূচী, রাজস্ব এবং গবেষণা কার্যক্রমসমূহে সহসাই একটি বুকলেট প্রস্তুত করার বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়।

**সিদ্ধান্তঃ**

দপ্তর, সংস্থা ও মন্ত্রণালয়ের পুনর্বাসন প্রণোদনা প্রকল্প, কর্মসূচী, রাজস্ব এবং গবেষণা কার্যক্রমসমূহের সামাজিক নিরাপত্তা উপকারভোগী নির্বাচনে গাইডলাইন/ম্যানুয়াল বুকলেট আকারে প্রস্তুতপূর্বক জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
(বাস্তবায়নকারী : দপ্তর, সংস্থা ও প্রকল্প পরিচালক সকল)।

**আলোচ্যসূচি ২: Single Registry MIS :**

সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ (সংস্কার ও সমন্বয়) বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের (National Social Security Strategy/NSSS) ২য় পর্বের Action Plan 2021-2026 এর নির্দেশনামতে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের মতো কৃষি মন্ত্রণালয় একটি MIS প্রস্তুতের কাজ শুরু করেছে। গত সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত MIS প্রস্তুত কমিটিতে অন্তর্ভূক্ত আইবাসের সদস্যবৃন্দ কর্তৃক একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করা হয়। উক্ত উপস্থাপনায় জুম প্লাটফর্মে সংযুক্ত সকল প্রকল্প পরিচালক ও কর্মসূচী পরিচালকবৃন্দকে অর্থ মন্ত্রণালয়ের আইবাস হতে জিটুপি পদ্ধতিতে উপকারভোগী পর্যন্ত ক্যাশ ডেলিভারী প্রসেস প্রাথমিকভাবে প্রদর্শন করা হয় এবং উপকারভোগী আইবাস হতে মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্টের মাধ্যমে সরাসরি ক্যাশ গ্রহণ করতে পারবে মর্মে জানানো হয়। এ পরিপ্রেক্ষিতে সভাপতি বলেন যে, যে সকল উপকারভোগী/কৃষকের মোবাইল নেই তাদের জন্য বাংলাদেশ ব্যাংক এর অধীন সকল ব্যাংকে ১০ টাকায় কৃষকের ব্যাংক একাউন্ট খোলা যেতে পারে। অতিরিক্ত সচিব (উপকরণ ও সার ব্যবস্থাপনা মনিটরিং) এর প্রশ্নের পরিপ্রেক্ষিতে আইবাসের কর্মকর্তাগণ বলেন যে, নন-ক্যাশ প্রদানের বিষয়টিও সিস্টেমে ধারাবাহিকভাবে অন্তর্ভুক্ত করা হচ্ছে। যুগ্মসচিব (পরিকল্পনা-২) বলেন যে, ইনপুট সহায়তার ক্ষেত্রেও অর্থের সমপরিমাণে রুপান্তর করে ডাটাবেজ একই সাথে রাখা আবশ্যক। জনাব আমিরুল ইসলাম, উপসচিব, আইবাস বলেন যে, কৃষি মন্ত্রণালয়ের চলমান ৭০টি প্রকল্প এবং ৩৫টি কর্মসূচির জন্য MIS প্রস্তুতের মোডালিটি কি হবে, MIS গুলো কি গুচ্ছাকারে হবে, নাকি প্রত্যেকটি MIS আলাদা আলাদা হবে, তার একটি সুনির্দিষ্ট পরিকল্পনা করা দরকার। ডাটা ভেলিডেশনের জন্য জাতীয় পরিচয় পত্র, জন্মনিবন্ধন, মোবাইল নম্বর ভেলিড কি না তা বিটিআরসি এর সাথে যাচাই করে ডাটাগুলি গ্রহণ করা হবে। এ পর্যায়ে সভায় প্লট ভিত্তিক/মৌজা ভিত্তিক জমির পরিমাণের ডাটা ভূমি মন্ত্রণালয়ের ডাটা থেকে ভ্যালিডেট করে নেয়ারও প্রস্তাব করা হয়। যাতে কৃষকের আর্থিক অবস্থা নিরুপণে বিষয়টি সহায়ক হতে পারে। সভাপতি MIS এর কাজ দ্রুত বাস্তবায়নের জন্য পার্টনার প্রকল্পের প্রতিনিধি, আইবাসের প্রতিনিধিসহ সকলকে দুই সপ্তাহের মধ্যে সভা করে ডাটাসমূহ আইবাসের সাথে ইন্ট্রিগ্রেশনের অনুরোধ জানান।

**সিদ্ধান্তঃ**

Single registry MIS এর কাজ দ্রুত বাস্তবায়নের জন্য পার্টনার প্রকল্পের প্রতিনিধি, আইবাসের প্রতিনিধিসহ আগামী দুই সপ্তাহের মধ্যে পুনরায় সভা করতে হবে।

**আলোচ্যসূচি ৩: Digitization of cash transfer :**

সভায় জানানো হয় যে, গত সভায় টাইমফ্রেম অনুযায়ী Pilot different modalities of G2P, December 2024 এর মধ্যে এবং G2P rolled out for all programmes December 2025 এর মধ্যে সমাপ্তকরণের জন্য পরিকল্পনা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। এ পরিপ্রেক্ষিতে জানানো হয় যে, কৃষি মন্ত্রণালয় একটি বড় মন্ত্রণালয় এবং এর স্টেকহোল্ডার/উপকারভোগীর ব্যপ্তি অনেক। তাই G2P Piloting different modalities নির্ধারণের কাজ এখনই শুরু না করা হলে নির্ধারিত সময়ে শেষ করা যাবে না। তাই উক্ত কাজের পরিকল্পনা করার বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়।

**সিদ্ধান্তঃ**

আগামী এক মাসের মধ্যে G2P Piloting এর পরিকল্পনা ও different modalities নির্ধারণের কাজ শুরু করতে হবে। বাস্তবায়নে: MIS কমিটি ও প্রকল্প পরিচালক, পার্টনার সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধানগণ, প্রকল্প পরিচালক (সকল), কর্মসূচি পরিচালক (সকল)।

**আলোচ্যসূচি : বিবিধ :**

(ক) সভায়, গত সভার কৃষি মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কৌশলের, কর্মপরিকল্পনা ২০২১-২৬ বাস্তবায়নে ১নং উদ্দেশ্যে খাদ্য ও পুষ্টির সহজলভ্যতা জোরদারকরণে কৃষির পুর্নবাসন প্রোগ্রাম, গবেষণা প্রোগ্রামসমূহ এবং প্রশিক্ষণ ও মোটিভেশনাল প্রোগ্রামসমূহ চলমান রাখা এবং তথ্যসমূহ এক্সেলশীটে প্রস্তুত করে গুগল ড্রাইভে সংরক্ষণের সিদ্ধান্তের প্রেক্ষিতে আইসিটি সেল এর একজন কর্মকর্তাকে নিযুক্ত করার জন্য প্রশাসন অনুবিভাগে একটি ইউ.ও নোট প্রেরণ করা হয়েছে মর্মে জানানো হয়।

**সিদ্ধান্তঃ**

প্রশাসন অনুবিভাগ কর্তৃক মনোনীত আইসিটি সেলের প্রতিনিধি কর্তৃক বর্ণিত তথ্যসমূহ গুগল ড্রাইভে সংরক্ষণের কাজটি সম্পন্ন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
০৯/১১/২০২৩
(রুহুল আমিন তালুকদার)
অতিরিক্ত সচিব (পিপিসি)
কৃষি মন্ত্রণালয়।
ও
সভাপতি
কৃষি সেক্টরে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ত্রৈমাসিক সভা